



মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর



শিক্ষাবর্ষ-২০২০

EIIN: 136825

কলেজ কোড : ৬০২৮

বিদ্যালয় কোড : ৬০৬১

ওয়েবসাইট : <https://www.mjfsc.edu.bd>

ফেসবুক পেইজ : Mazid Jarina Foundation School and College

স্মারক নং: ম.জ.ফা.স্ক.ক.অ.নো.-২০২০/৩২

তারিখ : ৩/০৯/২০২০ খ্রি.

নোটিশ

প্রিয় শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকগণ, বর্তমান করোনা পরিস্থিতিতে আমরা সকলে অস্বাভাবিক সময় পার করছি। গত ১৮ মার্চ ২০২০ খ্রি. হতে দেশের সকল ধরণের শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বর্তমান করোনা পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয় ৩ অক্টোবর পর্যন্ত ছুটি বর্ধিত করেছে। কিন্তু দীর্ঘ এ ছুটি চলাকালীন সময়ে মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ প্রশাসন শিক্ষার্থীদের লেখাপড়ার ধারাবাহিতার বিষয়টি বিবেচনায় এনে অনলাইন পাঠদান কার্যক্রম চালু রেখেছে। এ অনলাইন পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীরা অনেকাংশ উপকৃত হচ্ছে।

ইতোমধ্যে অনলাইন মিড সেমিস্টার/ ২য় ইউনিট/PPT পরীক্ষা অনলাইনে গ্রহণ করা হয়েছে যার ফলাফল আগামী ১৫ সেপ্টেম্বরের পর প্রকাশিত হবে। আগামী ৩ অক্টোবর ২০২০ খ্রি. পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি বর্ধিত হওয়ায় শিক্ষার্থীদের পড়াশুনার গতি স্বাভাবিকতা অক্ষুণ্ন রাখতে কলেজ প্রশাসন একাডেমিক কার্যক্রমে কয়েকটি নতুন সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সম্মানিত অভিভাবক ও শিক্ষার্থীদের জ্ঞাতার্থে সিদ্ধান্তগুলো এ নোটিশের মাধ্যমে অবহিত করা হলো-

১। অনলাইন কার্যক্রম আরও গতিশীল করা হবে।

২। নার্সারি থেকে ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণির আগামী ২১ সেপ্টেম্বর হতে অনলাইন Comprehensive FT পরীক্ষা নির্ধারিত রুটিন অনুযায়ী MCQ টাইপের প্রশ্নে অনুষ্ঠিত হবে। (সকল বিষয়ের সমন্বয়ে ৫০ নম্বরের ৫০ টি নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকবে)

৩। ৫ম ও ৮ম শ্রেণির এ বছরের পিসি ও জেসসি পরীক্ষা হবে না। বিধায় প্রাতিষ্ঠানিক মূল্যায়নের ভিত্তিতে পরবর্তী শ্রেণিতে প্রমোশন দেয়া হবে। এ শ্রেণি সমূহের নিয়মিত অনলাইন কার্যক্রমের অংশ হিসেবে আগামী ২১ সেপ্টেম্বর হতে অনলাইন Comprehensive Quiz Test নির্ধারিত রুটিন অনুযায়ী MCQ টাইপের প্রশ্নে অনুষ্ঠিত হবে। (সকল বিষয়ের সমন্বয়ে ৫০ নম্বরের ৫০ টি নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকবে)

৪। ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের রিভিশন সিলেবাসের নির্বাচিত অংশের উপর আগামী ২১ সেপ্টেম্বর হতে অনলাইন Comprehensive Quiz Test নির্ধারিত রুটিন অনুযায়ী MCQ টাইপের প্রশ্নে অনুষ্ঠিত হবে। (সকল বিষয়ের সমন্বয়ে ৫০ নম্বরের ৫০ টি নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকবে)

৫। দাদশ শ্রেণির শিক্ষার্থীদের বাছাইকৃত অংশের উপর আগামী ২১ সেপ্টেম্বর হতে অনলাইন Comprehensive Quiz Test নির্ধারিত রুটিন অনুযায়ী MCQ টাইপের প্রশ্নে অনুষ্ঠিত হবে। (সকল বিষয়ের সমন্বয়ে ৫০ নম্বরের ৫০ টি নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকবে)

৬। আগামী ২১ সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য পরীক্ষা সমূহের সকল বিষয়ের সিলেবাস ৭ সেপ্টেম্বর ২০২০ খ্রি. হতে কলেজ ওয়েবসাইটে পাওয়া যাবে যাবে।

৭। এছাড়া আগামী ১০ অক্টোবর ২০ খ্রি. থেকে নার্সারি থেকে ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণির ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা, ৫ম ও ৮ম শ্রেণি চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা ১ম পর্ব, ১০ম ও ১২শ শ্রেণি প্রাক নির্বাচনি পরীক্ষা গ্রহণের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। এ বিষয়ে বিস্তারিত নোটিশের মাধ্যমে জানানো হবে।

সম্মানিত অভিভাবকগণ, আপনার সন্তানের লেখাপড়ার গতি স্বাভাবিক রাখতে আমাদের এ অনলাইন শিক্ষা কার্যক্রমে সর্বাঙ্গিকভাবে অংশগ্রহণ করুন এবং আপনার সামর্থের মধ্যে ইন্টারনেট ও ডিজিটাল ডিভাইসের মাধ্যমে সন্তানের অনলাইন ক্লাস ও পরীক্ষার সুযোগ করে দিন।

বি.দ্র. : শিক্ষার্থীদের আসন্ন Comprehensive পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে ৭ সেপ্টেম্বর ২০২০ খ্রি. হতে বিষয়ভিত্তিক MCQ টাইপের লেকচার সমূহ কলেজ ওয়েবসাইটে আপলোড করা হবে।

৩/০৯/২০২০

(এম. ফরিদ আল হোসাইন)

অধ্যক্ষ

বিতরণ : সংশ্লিষ্ট শিক্ষক, নোটিশ বোর্ড, অফিস নোটিশ ফাইল